ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকোলিঃ)
WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED (WZPDCL)
(An Enterprise of Bangladesh Power Development Board)

ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর
ফোনঃ ০৪১-৮১১৫৭৪
ফ্যাক্স ঃ ০৪১-৭৩১৭৮৬

স্মারক নং-২৭.২২.৪৭৮৫.০১০.২০.০০২.১৯-২৬৫২ তারিখ-০৭/১০/২০১৯ ইং

বিষয়ঃ ৩০ সেপ্টেম্বর ২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন, ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকোলিঃ, খুলনা। |
| সভার তারিখ | ঃ ৩০-০৯-২০১৯ ইং। |
| সভার সময় | ঃ সকাল ১০ ঃ ০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ সম্মেলন কক্ষ, ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউট, খুলনা। |
| উপস্থিতি | ঃ পরিশিষ্ট-ক। |

সভায় ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালক (প্রকৌশল), নির্বাহী পরিচালক (অর্থ), প্রধান প্রকৌশলী (ও এন্ড এম, এস এন্ড ডি), প্রধান প্রকৌশলী (ই.এসসি এন্ড এস), তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প ও স সার্কেল, খুলনা, যশোর, ফরিদপুর, বরিশাল, কুষ্টিয়া, পটুয়াখালী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিস্টেম কন্ট্রোল এন্ড প্রটেকশন/পরিকল্পনা ও উন্নয়ন, সকল প্রকল্প পরিচালক এবং বিভিন্ন দপ্তর হতে আগত নির্বাহী প্রকৌশলী, ব্যবস্থাপক এবং আবাসিক প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন (উপস্থিতির তালিকা সংযুক্ত)।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভায় অংশগ্রহনকারী সকল কর্মকর্তাগণকে সভায় অংশগ্রহণের জন্য শুভেচ্ছা জানান এবং ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সার্বিক অর্জন/সফলতার জন্য সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। সভার সভাপতি মহোদয় বিগত ২০১৮-১৯ অর্থ বছরে কোম্পানি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন এবং চলতি ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির হালনাগাদ অর্জন সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপনের জন্য ব্যবস্থাপক (বাণিজ্যিক) কে অনুরোধ জানান।

ব্যবস্থাপক(বাণিজ্যিক) কর্তৃক উপস্থাপিত প্রতিবেদন মোতাবেক বিগত ২০১৮-১৯ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির যে সকল লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি সে সকল বিষয়ে কারিগরী/অকারিগরী প্রতিবন্ধকতা সমূহ নিয়ে এবং চলতি ২০১৯-২০ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির হালনাগাদ অর্জন নিয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সার্কেল ভিত্তিক আলোচনা করেন।

পরবর্তীতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনাক্রমে সভায় উপস্থিত প্রকল্প পরিচালকগণ প্রকল্প ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্প বাস্তবায়নে বিরাজমান প্রতিবন্ধকতা সম্বলিত প্রতিবেদন উপস্থাপন করেন।

ব্যবস্থপনা পরিচালক মহোদয় কোম্পানি'র বর্তমান অর্জন/সফলতা ধরে রাখাসহ আরও উন্নয়নের লক্ষ্যে বেশ কিছু গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| (১) ওজোপাডিকো'র নিজস্ব স্থাপনা সমূহে বিক্ষিপ্ত এবং অপরিকল্পিত ভাবে স্থাপিত ওয়্যারিং ব্যবস্থা; | সকল দপ্তরসমূহের নিজস্ব স্থাপনায় বিদ্যুৎ সংযোগের সার্ভিস ড্রপ, টেলিফোন সংযোগ, ইন্টারনেট সংযোগ, সিসিটিভি ক্যামেরা সংযোগ, সোলার প্যানেল সংযোগসহ ভবনের অভ্যন্তরীন ওয়্যারিং সুপরিকল্পিত, সুরক্ষিত এবং নান্দনিক উপায়ে স্থাপন করতে হবে। | সকল দপ্তর প্রধান। |

| | | |
|---|---|---|
| (২) শিল্পহাব সমূহে নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ; | বিদ্যুৎ বিভাগের পাওয়ার সেল কর্তৃক চিহ্নিত ওজোপাডিকো'র আওতাধীন রূপসা শিল্পাঞ্চল, মোংলা শিল্পাঞ্চল, খাজানগর শিল্পাঞ্চল এবং বিসিক (খুলনা, যশোর, কুষ্টিয়া, ফরিদপুর ও বরিশাল) শিল্পহাবে নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বিস্তারিত কর্মপরিকল্পনা (একক রেখাচিত্রসহ) আগামী ০৭(সাত) দিনের মধ্যে সদর দপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পি এন্ড ডি) এবং সংশ্লিষ্ট সার্কেল ও দপ্তর প্রধান। |
| (৩) ৩-ফেজ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন; | বিক্রয় ও বিতরণ বিভাগ-১/২/৩/৪, খুলনা ও বাগেরহাট এবং সাতক্ষীরা ও পিরোজপুর বি/স এর অনুকূলে সরবরাহকৃত ৩-ফেজ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার সমূহ আগামী ১৫ অক্টোবর ২০১৯ এর মধ্যে স্থাপন নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক, স্মার্ট প্র-পেমেন্ট প্রকল্প এবং সংশ্লিষ্ট সার্কেল ও দপ্তর প্রধান। |
| (৪) প্রকল্পের ডিপিপি-তে দপ্তর ওয়ারী কাজের সংস্থান ও অগ্রগতি সংশ্লিষ্ট দপ্তরকে অবহিতকরণ; | ওজোপাডিকো কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্পের ডিপিপি-তে প্রতিটি দপ্তরের বিপরীতে কি ধরনের উন্নয়ন কাজ অন্তভুক্ত আছে এবং তদানুযায়ী বাস্তবায়িত কাজের অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে সংশ্লিষ্ট দপ্তরকে লিখিতভাবে অবহিত করতে হবে। সকল দপ্তর প্রধানগণ চলমান কাজের অগ্রগতি মনিটরিং করবেন এবং গুনগতমান নিশ্চিত করবেন। কোন প্রকার অসঙ্গতি পরিলক্ষিত হলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | সকল প্রকল্প পরিচালক এবং সকল সার্কেল ও দপ্তর প্রধান। |
| (৫) প্রকল্প কর্তৃক উদ্ধারকৃত মালামাল ভান্ডারে জমা প্রদান; | বিক্রয় ও বিতরণ বিভাগ-১/২/৩/৪, খুলনা ও সাতক্ষীরা বি/স হতে উদ্ধারকৃত আমকা কন্ডাক্টরসহ প্রকল্প কর্তৃক উদ্ধারকৃত সকল মালামাল সাথেসাথেই সংশ্লিষ্ট ভান্ডারে জমা প্রদান নিশ্চিত করতে হবে। উদ্ধারকৃত মালামাল গ্রহনকারী দপ্তর তাৎক্ষনিকভাবে গ্রহনকৃত মালামালের তথ্য স্টোর সফটওয়্যারে সংযোজন করবেন। | সকল প্রকল্প পরিচালক এবং সকল সার্কেল ও দপ্তর প্রধান। |
| (৬) প্রকল্প কর্তৃক মালামাল ক্রয় এবং তা ব্যবহার/স্থাপন; | প্রকল্প কাজ নির্ধারিত সময়ে সম্পাদন এবং প্রকল্প কর্তৃক ক্রয়কৃত মালামালের যথা উপযুক্ত ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মালামাল ক্রয়ের সাথে সমান্তরালভাবে ক্রয়কৃত মালামাল ব্যবহার/স্থাপনের কাজ হাতে নিতে হবে। | সকল প্রকল্প পরিচালক |
| (৭) বিতরণ ট্রান্সফর্মারের এলটি সাইডে নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করণ; | প্রকল্প কর্তৃক ক্রয়কৃত এবং স্থাপিত ১১/০.৪ কেভি বিতরণ ট্রান্সফর্মারসমূহের এলটি সাইডে নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করণের লক্ষ্যে যথাযথ মানের এমসিসিবি ক্রয় এবং স্থাপন করতে হবে। | সকল প্রকল্প পরিচালক |
| (৮) ইজি বাইক/হাইব্রিড কার চার্জিং স্টেশন স্থাপন; | ওজোপাডিকো'র নিজস্ব স্থাপনায় অথবা ফুয়েল পাম্প সমূহে ইজি বাইক/হাইব্রিড কার চার্জিং স্টেশন স্থাপনের সম্ভাব্যতা যাচাই করতঃ আগামী ১(এক) সপ্তাহের মধ্যে প্রস্তাবনা প্রেরণ করতে হবে। | সকল সার্কেল ও দপ্তর প্রধান। |

| | | |
|---|---|---|
| (৯) বোরহানউদ্দিন-লালমোহন ৩৩ কেভি লাইনের মালিকানা যাচাই এবং বোরহানউদ্দিন বিদ্যুৎ কেন্দ্র হতে নির্মিতব্য ৩৩ কেভি সোর্স লাইনের ক্যাবল স্থাপন; | বোরহানউদ্দিন-লালমোহন ৩৩ কেভি লাইনটি প্রকৃতপক্ষে পবিস এর নিকট হস্তান্তর করা হয়েছে কিনা এবং বোরহানউদ্দিন বিদ্যুৎ কেন্দ্র হতে নির্মিতব্য ৩৩ কেভি সোর্স লাইনের ক্যাবল পবিস কর্তৃক নির্মিতব্য ক্যাবল ট্রেন্সে স্থাপন করা যায় কিনা সে সংক্রান্ত একটি প্রতিবেদন আগামী ০৭(সাত) দিনের মধ্যে নির্বাহী পরিচালক(প্রকৌশল) মহোদয়ের নিকট দাখিল করতে হবে। | জনাব দেবাশীষ পাল, উপ-বিভাগীয় প্রকৌশলী, এসসি এন্ড পি এবং আঃ প্রকৌঃ বোরহানউদ্দিন /চরফ্যাশন |
| (১০) মনপুরা বিদ্যুৎ সরবরহে সৌর/বায়ু বিদ্যুৎ কেন্দ্র স্থাপন; | মরপুরা বিদ্যুৎ সরবরাহের বিদ্যমান ডিজেল পাওয়ার প্লান্টের সাথে সমন্বয়ের মাধ্যমে সৌর/বায়ু বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (হাইব্রিড সিস্টেম) স্থাপন করা যায় কিনা এবং সে লক্ষ্যে প্রয়োজনীয় জায়গা আছে কিনা সরেজমিন পরিদর্শন করতঃ একটি প্রতিবেদন আগামী ১৫(পনের) দিনের মধ্যে নির্বাহী পরিচালক(প্রকৌশল) মহোদয়ের নিকট দাখিল করতে হবে। | জনাব মোঃ মতিউর রহমান, সহকারী প্রকৌশলী, এসসি এন্ড পি এবং আঃ প্রকৌঃ মনপুরা |
| (১১) Power Saw এর মাধ্যমে বিতরণ লাইনের পার্শ্ববর্তী গাছ-পালার শাখা-প্রশাখা কর্তন; | প্রচলিত পদ্ধতির পরিবর্তে স্বল্পতম সময়ে ও ব্যয়ে বিতরণ লাইনের পার্শ্ববর্তী গাছ-পালার শাখা-প্রশাখা কর্তন কাজের জন্য Power Saw ক্রয় এবং ব্যবহার নিশ্চিত করতে হবে। | সকল বিবিবি/বি.স প্রধান। |
| (১২) বোরহানউদ্দিন বি/স এর নন-স্ট্যান্ডার্ড বিতরণ লাইন পুনর্বাসন; | বোরহানউদ্দিন বি/স এর আওতাধীন বিতরণ ব্যবস্থায় বিদ্যমান নন-স্ট্যান্ডার্ড বিতরণ লাইন পুনর্বাসন কাজ দ্রুত শুরু করতে হবে। প্রয়োজনে বোরহানউদ্দিন বি/স সহ অন্যান্য বিবিবি/বি.স এর নন-স্ট্যান্ডার্ড লাইন পুনর্বাসন কাজে প্রয়োজনীয় ইনসুলেটর অবলুপ্ত/চলমান অন্যান্য প্রকল্পের ভান্ডার হতে সংগ্রহ করতে হবে। | প্রকল্প পরিচালক, ইএপিডিএসপি। |
| (১৩) সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে হ্রাসকরণ; | যে সকল বিবিবি/বি.স এর সিস্টেম লস এখনো সিঙ্গেল ডিজিটে নামিয়ে আনা সম্ভব হয়নি সেই সকল দপ্তরের সিস্টেম লস অধিক হওয়ার ইঞ্জিনিয়ারিং (ক্যালকুলেশনসহ) ব্যাখ্যা আগামী ১(এক) সপ্তাহের মধ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে। উক্ত দপ্তরসমূহে কারিগরী কোন প্রতিবন্ধকতা থাকলে তার সম্ভাব্য সামাধানসহ প্রস্তাবনাও প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল সার্কেল ও দপ্তর প্রধান। |
| (১৪) বকেয়াধারী গ্রাহকগণকে সংযোগ বিচ্ছিন্নের নোটিশ প্রদান এবং সংযোগ বিচ্ছিন্নকরন; | ভোলা বিদ্যুৎ সরবরাহের আওতাধীন বকেয়াধারী কোল্ড স্টোরেজ এর বিদ্যুৎ সংযোগসহ ২(দুই) মাসের অধিক বকেয়ধারী সকল গ্রাহককে সংযোগ বিচ্ছিন্নের নোটিশ প্রদান করতে হবে এবং নোটিশে উল্লেখিত তারিখে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল সার্কেল ও দপ্তর প্রধান। |

| | | |
|---|---|---|
| (১৫) সিটি কর্পোরেশন/ পৌর এলাকায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নবনির্মিত নলকূপে সংযোগ প্রদান; | যেহেতু জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সিটি কর্পোরেশন/পৌর এলাকায় নবনির্মিত নলকূপ সমূহ নির্মানের পর সিটি কর্পোরেশন/পৌরসভার নিকট হস্তান্তর করে সেহেতু বকেয়াধারী সিটি কর্পোরেশন/পৌর এলাকায় এরুপ নবনির্মিত নলকূপে বকেয়া পরিশোধ না করা পর্যন্ত সংযোগ প্রদান করা যাবে না। | সংশ্লিষ্ট সকল সার্কেল ও দপ্তর প্রধান। |
| (১৬) পানি ও রাস্তার বাতি সরবরাহের বিপরীতে পৌরসভা / সিটি কর্পোরেশন কর্তৃক জনসাধারনের নিকট হতে আদায়কৃত অর্থের তথ্য সংগ্রহ; | পানি উত্তোলন ও রাস্তার বাতি সরবরাহ কাজে পৌরসভা / সিটি কর্পোরেশন কর্তৃক ব্যবহৃত বিদ্যুতের মাসিক মূল্য এবং তার বিপরীতে জনসাধারনের নিকট হতে আদায়কৃত মাসিক অর্থের তথ্য সম্বলিত প্রতিবেদন আগামী ১০(দশ) দিনের মধ্যে সদর দপ্তরের বাণিজ্যিক শাখায় প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল সার্কেল ও দপ্তর প্রধান এবং ব্যবস্থাপক (বাণিজ্যিক)। |
| (১৭) যশোর সুইপার কলোনীর বকেয়া বিদ্যুৎ বিল আদায়; | DESCO এর আওতাধীন বিহারী কলোনীর বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের কৌশল অবলম্বন করতঃ যশোর সুইপার কলোনীর বকেয়া বিদ্যুৎ বিল আদায় করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর। |
| (১৮) স্থানীয় সরকার মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠান যেমন সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ ইত্যাদি প্রতিষ্ঠানের বকেয়া আদায়; | সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ ইত্যাদি প্রতিষ্ঠানের বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে ব্যক্তিগত ভাবে সরাসরি মেয়র/চেয়ারম্যানের সাথে যোগাযোগ করতে হবে। প্রয়োজনে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবর সংশ্লিষ্ট খাতে বাজেট বরাদ্দের জন্য পত্র প্রেরণ করতে হবে এবং ব্যক্তিগত ভাবে সরাসরি যোগাযোগ করতে হবে। | সকল সার্কেল ও দপ্তর প্রধান |
| (১৯) বিউবো আমল ও ওজোপাডিকো গঠনের পরের বকেয়া সংক্রান্ত প্রদিবেদন; | বিউবো আমল ও কোম্পানি গঠনের পরে বিবিবি-৪, খুলনা এর বকেয়া সংক্রান্ত প্রদিবেদন পৃথক পৃথক ভাবে প্রস্তুত করতঃ আগামী ৭(সাত) দিনের মধ্যে সদর দপ্তরের ব্যবস্থাপক (অডিট) বরাবর প্রেরণ করতে হবে। ব্যবস্থাপক (অডিট) উক্ত প্রতিবেদন পর্যালোচনা করতঃ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবেন। | নির্বাহী প্রকৌশলী, বিবিবি-৪, খুলনা এবং ব্যবস্থাপক (অডিট), খুলনা। |
| (২০) সরকারি দপ্তর এবং অধিদপ্তরের বকেয়া আদায়; | ডিসি অফিস, ইউএনও অফিস সহ সরকারি দপ্তর এবং অধিদপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে ব্যক্তিগত ভাবে সরাসরি/লিখিতভাবে প্রতিষ্ঠান প্রধানের সাথে ১৫ ডিসেম্বরের মধ্যে যোগাযোগ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবর সংশ্লিষ্ট খাতে বাজেট বরাদ্দের জন্য পত্র প্রেরণ করতে হবে এবং ব্যক্তিগত ভাবে সরাসরি যোগাযোগ করতে হবে। | সকল বিবিবি/বি.স প্রধান। |
| (২১) যশোর ও কুষ্টিয়া সার্কেলের ন্যয় অন্যান্য সার্কেলে উন্নয়নমূলক কার্যক্রম গ্রহন ও বাস্তবায়ন; | যশোর ও কুষ্টিয়া সার্কেলের অনুসরণে অন্যান্য সার্কেলে উন্নয়নমূলক কার্যক্রম গ্রহন ও বাস্তবায়ন করতে হবে। সে ক্ষেত্রে প্রয়োজনে সকল সার্কেল প্রধানগণ যশোর/কুষ্টিয়া সার্কেল সরেজমিন পরিদর্শন করতে পারেন। | সকল সার্কেল প্রধান প্রধান। |

সভায় আলোচনার জন্য আর কোনো বিষয় না থাকায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৭.১০.২০১৯

(প্রকৌঃ মোঃ আবু হাসান)
প্রধান প্রকৌশলী
ও এন্ড এম, এস এন্ড ডি
ওজোপাডিকোলিঃ, খুলনা।

০৭/১০/১৯

স্মারক নং- ২৭.২২.৪৭৮৫.০১০.২০.০০২.১৯-২৮৫২ তারিখ-০৭/১০/২০১৯ ইং

অনুলিপি ঃ

০১। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, খুলনা।
০২। নির্বাহী পরিচালক (প্রকৌশল/অর্থ), ওজোপাডিকো, খুলনা।
০৩। প্রধান প্রকৌশলী, ই, এস সি এন্ড এস, ওজোপাডিকো, খুলনা।
০৪। উপ-মহাব্যবস্থাপক (এইচআর এন্ড এডমিন), ওজোপাডিকো, খুলনা।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প ও স সার্কেল, ওজোপাডিকো, খুলনা/যশোর/ফরিদপুর/কুষ্টিয়া/বরিশাল/পটুয়াখালী।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা ও উন্নয়ন/সিস্টেম কন্ট্রোল এন্ড প্রটেকশন, ওজোপাডিকো, খুলনা।
০৭। প্রকল্প পরিচালক, ........................................ প্রকল্প, ওজোপাডিকো, খুলনা।
০৮। উপ-মহাব্যবস্থাপক(বাণিজ্যিক/হিসাব/অডিট/অর্থ), ওজোপাডিকো, খুলনা।
০৯। নির্বাহী প্রকৌশলী/ব্যবস্থাপক (এমআইএস/কারিগরী/বাণিজ্যিক), ওজোপাডিকো, খুলনা।
১০। নির্বাহী প্রকৌশলী, ......................... বিবিবি/বি.স ...................।
১১। আবাসিক প্রকৌশলী, ......................... বি/স ...................।
১২। দপ্তর নথি।